



মুক্তাগাছা পৌরসভা কার্যালয়

মুক্তাগাছা, ময়মনসিংহ।

স্মারক নং- মুক্তাগাছা পৌর/প্রশাসন/ বাণশাঃ /২০২৫/ ৯৬৫

তারিখঃ ২৭.০১.২০২৫ খ্রিঃ

হাট-বাজার, বাসটার্মিনাল, কসাইখানা, খোঁয়াড় ও গণশৌচাগার ইজারা বিজ্ঞপ্তি নং-০৪/২০২৪-২০২৫

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মুক্তাগাছা পৌরসভাধীন নিম্ন বর্ণিত হাট-বাজার, বাসটার্মিনাল, কসাইখানা, খোঁয়াড় ও গণশৌচাগার বাংলা ১৪৩২ সালের ১লা বৈশাখ হইতে ৩০শে চৈত্র পর্যন্ত মোট ০১ (এক) বৎসরের মেয়াদে ইজারা প্রদানের জন্য অস্থায়ীভাবে ইজারা প্রদানের নিমিত্তে অগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে ক্যালেন্ডার এবং সিডিউলে বর্ণিত শর্ত অনুযায়ী সীল মোহরযুক্ত পৃথক পৃথক খামে দরপত্র আহ্বান করা যাইতেছে।

ইজারা সংক্রান্ত ক্যালেন্ডার

হাট-বাজার, বাসটার্মিনাল, কসাইখানা, খোঁয়াড় ও গণশৌচাগার এর বিবরণঃ

ক্রমিক নং	হাট-বাজার, বাসটার্মিনাল, কসাইখানা, খোঁয়াড় ও গণশৌচাগার এর নাম	কাজিত সরকারী মূল্য (৬% বৃদ্ধিসহ)	দরপত্র সিডিউলের মূল্য (অফেরতযোগ্য)
১	ত্রিমোহনী নতুন বাজার, মুক্তাগাছা।	৪৫৪৬৬৯৩.৩৩	৯৮০০.০০
২	রাজগঞ্জ (আটানী) বাজার মুক্তাগাছা।	১১৮৩৬৬৬.৬৭	৩০০০.০০
৩	দরিচারী আনী বাজার, মুক্তাগাছা	৩৯১১৪০.০০	১৪০০.০০
৪	পুরাতন সাইকেল রিক্সার হাট, মুক্তাগাছা।	৩৪৭৩২৬.০০	১৪০০.০০
৫	মুক্তাগাছা পৌর বাসটার্মিনাল, মুক্তাগাছা।	১৫৪২৩০০.০০	৩৮০০.০০
৬	পৌর কসাইখানা, মুক্তাগাছা	৩১৪৪৬.৬৭	৫০০.০০
৭	পাড়াটপ্পী, সেবাপল্লী সংলগ্ন পৌর খোঁয়াড়, মুক্তাগাছা।	৪৮৪০.৬৭	৫০০.০০
৮	রাজগঞ্জ আটানী বাজার গণশৌচাগার, মুক্তাগাছা	১১০২৪.০০	৫০০.০০
৯	ত্রিমোহনী নতুন বাজার, গরুর হাট সংলগ্ন গণশৌচাগার	৪০০০.০০	৫০০.০০
১০	ত্রিমোহনী নতুন বাজার, কাপড় মহল সংলগ্ন গণশৌচাগার	৪০০০.০০	৫০০.০০
১১	দরিচারীআনী বাজার পান মহল সংলগ্ন গণশৌচাগার	৪০০০.০০	৫০০.০০
১২	দরিচারীআনী বাজার কামারপট্টী সংলগ্ন গণশৌচাগার	৪০০০.০০	৫০০.০০
১৩	নাপিত খোলা পৌর মার্কেট সংলগ্ন গণশৌচাগার	৪০০০.০০	৫০০.০০

দরপত্র ক্রয়, বিক্রয় ও দাখিলের সময় সূচিঃ

দরপত্র বিজ্ঞপ্তির পর্যায় নং	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র বাস্তব খোলার তারিখ ও সময়	মন্তব্য
১ম পর্যায় দরপত্র বিজ্ঞপ্তি	১৭/০২/২০২৫ খ্রিঃ	১৮/০২/২০২৫ খ্রিঃ দুপুর- ২.০০ মিঃ পর্যন্ত	১৮/০২/২০২৫ খ্রিঃ বিকাল- ৩.৩০ মিঃ	উল্লিখিত তারিখ অনুযায়ী প্রয়োজনবোধে পর্যায়ক্রমে দরপত্র আহবান অব্যাহত থাকিবে, তবে কোন পর্যায় যে কোন বা সকল ইজারা দরপত্র অনুমোদিত হইলে পরবর্তী পর্যায় উহার দরপত্র সংক্রান্ত সকল কার্যক্রম সমাপ্ত বলিয়া গণ্য হইবে।
২য় পর্যায় দরপত্র বিজ্ঞপ্তি	০৫/০৩/২০২৫ খ্রিঃ	০৬/০৩/২০২৫ খ্রিঃ দুপুর- ২.০০ মিঃ পর্যন্ত	০৬/০৩/২০২৫ খ্রিঃ বিকাল- ৩.৩০ মিঃ	
৩য় পর্যায় দরপত্র বিজ্ঞপ্তি	১৯/০৩/২০২৫ খ্রিঃ	২০/০৩/২০২৫ খ্রিঃ দুপুর- ২.০০ মিঃ পর্যন্ত	২০/০৩/২০২৫ খ্রিঃ বিকাল- ৩.৩০ মিঃ	
৪র্থ পর্যায় দরপত্র বিজ্ঞপ্তি	০৭/০৪/২০২৫ খ্রিঃ	০৮/০৪/২০২৫ খ্রিঃ দুপুর- ২.০০ মিঃ পর্যন্ত	০৮/০৪/২০২৫ খ্রিঃ বিকাল- ৩.৩০ মিঃ	

দরপত্র সিডিউল বিক্রয় ও গ্রহণ এবং খোলা সংক্রান্ত তথ্যঃ

দরপত্র সিডিউল বিক্রয়ের স্থান :	ক) জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), ময়মনসিংহ। খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মুক্তাগাছা গ) সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, মুক্তাগাছা। ঘ) অফিসার ইনচার্জ এর কার্যালয়, মুক্তাগাছা থানা (পুলিশ স্টেশন) ঙ) সোনালী ব্যাংক, মুক্তাগাছা শাখা এবং চ) মুক্তাগাছা পৌরসভা কার্যালয়, মুক্তাগাছা।
দরপত্র সিডিউল গ্রহণের স্থান :	ক) জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), ময়মনসিংহ। খ) পুলিশ সুপারের কার্যালয়, ময়মনসিংহ গ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মুক্তাগাছা ঘ) সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, মুক্তাগাছা। ঙ) মুক্তাগাছা পৌরসভা কার্যালয়, মুক্তাগাছা।
দরপত্র বাস্তব খোলার স্থান :	মুক্তাগাছা পৌরসভা কার্যালয়, মুক্তাগাছা, ময়মনসিংহ।


শর্তাবলী

- ০১। দরপত্র দাতাকে তাহার দাখিলকৃত দরের উপর ১০০% অর্থ যে কোন তফসিলভুক্ত ব্যাংক হইতে বিডি/পে-অর্ডারের মাধ্যমে “প্রশাসক, মুক্তাগাছা পৌরসভা” অনুকূলে দরপত্রের সাথে জমা দিতে হইবে। ইহা ছাড়াও দাখিলকৃত দরের ১৫% ভাট (মূল্য সংযোজন কর) এবং ১০% আয়কর বাবদ অর্থ ও ৫% জামানত বাবদ অর্থ একই সাথে বিডি/পে-অর্ডারের মাধ্যমে দরপত্রের সাথে জমা প্রদান করিতে হইবে। জামানত বাবদ ৫% অর্থ সংরক্ষিত থাকিবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার, বাসটার্মিনাল, কসাইখানা, খোঁয়াড় ও গণশৌচাগার পরিষ্কার পরিচ্ছন্ন না করিলে বা অন্য কোন ক্ষতি সাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যর্পণ করা হইবে।
- ০২। দুই বা ততোধিক ইজারাদারের দরপত্র একই রেইটে হইলে প্রকাশ্য লটারীর মাধ্যমে ইজারাদার নির্বাচন করা হইবে। এই ব্যাপারে ইজারাদারের কোন আপত্তি গ্রহণ যোগ্য হইবে না।
- ০৩। অকৃতকার্য দরপত্রদাতার দাখিলকৃত ব্যাংক ড্রাফট/ পে অর্ডার সমূহ ফেরৎ দেওয়া হইবে। তবে দাখিলকৃত সর্বোচ্চ দরপত্রটি অনুমোদন না হওয়া পর্যন্ত দ্বিতীয় সর্বোচ্চ দরপত্র দাতার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা রাখা হইবে।
- ০৪। দরপত্রের প্রতি পৃষ্ঠায় দরপত্র দাখিলকারীকে স্বাক্ষর করিতে হইবে। কোন প্রকার কাটাকাটি, ঘষা মাজা বা লেখার উপর লেখা দরপত্র গ্রহণ করা হইবে না।
- ০৫। খামের উপর হাট-বাজার, বাসটার্মিনাল, কসাইখানা, খোঁয়াড় ও গণশৌচাগার এর নাম স্পষ্টভাবে লিখিতে হইবে।
- ০৬। হাট বাজারের প্রত্যেক মহালের সীমানা বহাল থাকিবে। ইজারাদার মহালের অঙ্গত কোন জায়গা একমাত্র টোল আদায় ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার করিতে পারিবেন না।
- ০৭। ইজারাদার কোন ক্রমেই ইজারা প্রাপ্ত হাট-বাজার, বাসটার্মিনাল, কসাইখানা, খোঁয়াড় ও গণশৌচাগার অন্যের নিকট ইজারা বা বন্দোবস্ত (সাবলীজ) দিতে পারিবেন না। যদি অনুরূপ কার্যকলাপ বা চুক্তিপত্রের কোন শর্ত লংঘন ধরা পড়ে তবে তাহার ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে এবং ইজারাদার আইনতঃ দণ্ডনীয় হইবেন এবং পুনরায় হাট-বাজার, বাসটার্মিনাল, কসাইখানা ও খোঁয়াড় ইজারা প্রদানের ব্যবস্থা করা হইবে।
- ০৮। ইজারা কার্যক্রম সমাপ্তির ০৩(তিন) কার্য দিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প ইজারাদার কর্তৃক ইজারার চুক্তিপত্র সম্পাদন করিতে হইবে।
- ০৯। বাসটার্মিনালের ইজারাদার রশিদের মাধ্যমে প্রতিদিন বাস/কোচ, ট্রাক হতে ৪০/- (চল্লিশ) টাকা, মিনি বাস, মেক্সীসহ থ্রি ছইলার অটো টেম্পু, সিএনজি অটো টেম্পু, মিনি ট্রাক ভাড়া চালিত মাইক্রো বাস,প্রাইভেট কার, পিকাপ ভ্যান, ট্রেলি ইত্যাদি যানবাহন হতে যাত্রী উঠানো নামানো ও মালামাল লোডিং আনলোডিং এর জন্য প্রতিদিন একবার পৌর টোল/রোড ডায়ামেজ চার্জ হিসাবে ২০/- (বিশ) টাকা হারে রশিদের মাধ্যমে আদায় করিতে পারিবেন। ইহা ছাড়া অন্য কোন প্রকার আর্থিক সুবিধাদি গ্রহন করিতে পারিবেন না। ইজারাদার পৌর এলকার যে কোন স্থান হতে চলাচলকারী উপরোক্ত যান বাহন হতে পৌর টোল/রোড ডায়ামেজ চার্জ আদায় করিতে পারিবেন। ইজারাদার স্থানীয় সরকার বিভাগের পৌর-১ শাখার বিগত ২৫/০৯/২০২২খ্রিঃ তারিখের স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৩.৩১.০০২.১৩-১২৬৬ মূলে স্বাক্ষরিত পত্রের নির্দেশনা মতে টার্মিনাল ব্যতিরেকে কোন সড়ক বা মহাসড়ক থেকে টোল উত্তোলন করিতে পারিবেন না। তাছাড়া সরকারী/আধাসরকারী বাস, ট্রাক, জীপ বা সরকারী মালিকানাধীন অন্য কোন যানবাহন থেকে কোন প্রকার টোল আদায় করিতে পারিবেন না।



অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

- ১০। কসাইখানার ক্ষেত্রে পশু জবাই ফিস আদর্শ কর তফসিল ২০১৪ অনুসারে আদায় করা যাইবে। জবাইকৃত ছাগল/ভেড়া ৫০/- টাকা, গরু ১০০/- টাকা ও মহিষ ১৫০/-টাকা হারে পশুজবাই ফি রশিদের মাধ্যমে আদায় করিতে হইবে।
- ১১। খোঁয়াড় ইজারার ক্ষেত্রে ইজারাদারকে আবদ্ধ পশুর ফিস আদর্শ কর তফসিল ২০১৪ অনুসারে ফি রশিদের মাধ্যমে আদায় করিতে হইবে
- ১২। ইজারাদার কর্তৃক হাট-বাজার, বাসটার্মিনাল, কসাইখানা ও খোঁয়াড় হইতে অনুমোদিত হারে টোল আদায় করিতে হইবে এবং ইজারাদার কর্তৃক নিজ খরচে হাটবাজারের প্রকাশ্য স্থানে সরকারী অনুমোদিত টোল চার্ট বোর্ডে লিখিয়া জনসাধারণের অবগতির জন্য লটকাইয়া দিতে হইবে।
- ১৩। ইজারাদারকে পাকা রশিদের মাধ্যমে হাট-বাজার, বাসটার্মিনাল, কসাইখানা, খোঁয়াড় ও গণশৌচাগার এর টোল/পশু জবাই ফি, আবদ্ধ পশুপাখির ফি আদায় করিতে হইবে। কোন ক্রেতা বিক্রেতার নিকট হইতে সরকারী / পৌরসভার হারের অতিরিক্ত টোল আদায় করা যাইবে না।
- ১৪। ঝাড়ুদার কর্তৃক কোন টোল আদায় করা যাইবে না। ঝাড়ুদারের বেতন ইজারাদার কর্তৃক বহন করিতে হইবে।
- ১৫। হাট-বাজার, বাসটার্মিনাল, কসাইখানা ও খোঁয়াড় সমূহ পরিষ্কার পরিচ্ছন্নতার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট ইজারাদারকে গ্রহণ করিতে হইবে। হাট-বাজার, বাসটার্মিনাল, কসাইখানা, খোঁয়াড় ও গণশৌচাগার যথাযথভাবে পরিষ্কার পরিচ্ছন্ন রাখা এবং পৌর কর্তৃপক্ষের প্রত্যয়ন করা সাপেক্ষে ইজারার মেয়াদ সমাপ্তির পর জামানতের ৫% অর্থ ফেরত দেওয়া হইবে।
- ১৬। বাংলাদেশ সরকারের ইজারা আইন অনুযায়ী ইজারাদার কেবলমাত্র পৌরসভা কর্তৃক ধার্যকৃত টোল আদায় করিতে পারিবেন। ইহা ছাড়া বাসটার্মিনালে অবস্থিত দালান কোঠা বা অবকাঠামোর কোন অংশ ইজারাদার ভোগ দখল বা ভাড়া উপ-ভাড়া দিতে পারিবেন না। বাসটার্মিনালের খালি জায়গায় কোন প্রকার ঘর দরজা তৈরী বা বরাদ্দ দিতে পারিবেন না।
- ১৭। হাট-বাজারের মহালসমূহ কর্তৃপক্ষের বা সরকারী নির্দেশ মোতাবেক পরিচালিত হইবে। কর্তৃপক্ষের বা সরকারী অনুমোদন ব্যতীত কোন মহালের অংশ বিশেষ অন্যত্র স্থানান্তর করা যাইবে না বা নতুন কোন মহাল বানানো যাইবে না। হাট বাজারের পেরীফেরীভুক্ত খাস মহালের অর্ন্তগত কোন ভিটি বাৎসরিক বা খন্ডকালীন পত্তন বাবদ কোন ব্যবসায়ীর নিকট হইতে অর্থ আদায় করা যাইবে না।
- ১৮। প্রত্যেক হাট/বাজার পৌরসভার নির্দিষ্ট জায়গায় না বসে যদি অন্য জায়গায় বসে, তবে ইজারাদার তথায় যথারীতি টোল আদায় করিতে পারিবেন।
- ১৯। পাট মহালের টোল সপ্তাহের যে কোন দিন শহরের কোন বাজারের রাস্তায় পাট ক্রয় বিক্রয় হইলে তথায় সংশ্লিষ্ট বাজারের ইজারাদার টোল আদায় করিতে পারিবেন।
- ২০। প্রাকৃতিক দুর্যোগের কারণে ইজারাদারের টোল আদায় ব্যতহ হইলে কর্তৃপক্ষ দায়ী থাকিবেন না।
- ২১। ইজারাদার হাট-বাজার, বাসটার্মিনাল, কসাইখানা ও খোঁয়াড় কোন অসামাজিক কাজকর্ম চালাইতে বা চলিতে দিতে পারিবেন না। সরকার/পৌরসভার অনুমতি ব্যতীত মেলা, যাত্রা, জুয়া, অসামাজিক চিত্র প্রদর্শন এবং অসামাজিক খেলাধুলা চলিতে বা চালাইতে দেওয়া যাইবে না। হাট-বাজার, কসাইখানা, খোঁয়াড় ও গণশৌচাগার ভূমিতে কোন প্রকার অবকাঠামো তৈরী, গাছপালা কর্তন, নালা কাটা বা কূপ খনন, কোন প্রকার ক্ষতি সাধন, সীমানা সংকোচন ইত্যাদি করিতে পারিবেন না।
- ২২। ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ বা এর কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা টোল আদায় জরীপে বা অন্য কোন ব্যাপারে পরিদর্শন বা তদন্ত করিতে পারিবেন। উক্ত তদন্ত পরিদর্শন কাজে সার্বিক সহযোগিতা ও চাহিদা মোতাবেক কাগজপত্র প্রদর্শন করিতে ইজারাদার বাধ্য থাকিবেন।
- ২৩। কর্তৃপক্ষ বা সরকার কর্তৃক যে কোন সময় ইজারা বাতিল বলিয়া ঘোষণা করিলে ইজারাদার তাহা মানিয়া নিতে বাধ্য থাকিবে এবং ইজারাদার ইহাতে কোন ওজর আপত্তি করিতে পারিবে না। হাটবাজারবের দখলীয় সময়ের জন্য হাটবাজার ডাকের অর্থ আনুপাতিক হারে বাদ দিয়া বাকী অর্থ হইতে আনুপাতিক হারে ইজারাদারকে ফেরত দেওয়া হইবে।
- ২৪। পৌর কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র বাতিল বা গ্রহন করার ক্ষমতা সংরক্ষণ করেন।



(আতিকুল ইসলাম)

প্রশাসক

মুক্তাগাছা পৌরসভা

জেলা- ময়মনসিংহ।

তারিখঃ ২৭.০১.২০২৫ খ্রীঃ

স্মারক নং- মুক্তাগাছা পৌর/প্রশাসন/ বাঃশাঃ /২০২৫/ ৯৬৫(২০)


সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য অনুলিপি প্রেরণ করা হইল :

- ০১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ০২। পুলিশ সুপার, ময়মনসিংহ।
- ০৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ।
- ০৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ময়মনসিংহ।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার, মুক্তাগাছা, ময়মনসিংহ।
- ০৬। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত/সড়ক ও জনপথ / এলজিইডি ময়মনসিংহ।
- ০৭। সহকারী কমিশনার (ভূমি), মুক্তাগাছা, ময়মনসিংহ।
- ০৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মুক্তাগাছা, ময়মনসিংহ।
- ০৯। সাব-রেজিস্ট্রার, মুক্তাগাছা, ময়মনসিংহ।
- ১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা, মুক্তাগাছা থানা, জেলা- ময়মনসিংহ।
- ১১। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, মুক্তাগাছা, ময়মনসিংহ।
- ১২। জনাব/ মিসেস সদস্য, পৌরসভার প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদান সংক্রান্ত কমিটি, মুক্তাগাছা পৌরসভা।
- ১৩। ডাকঘর কর্মকর্তা, মুক্তাগাছা, ময়মনসিংহ।
- ১৪। জনাব মুক্তাগাছা পৌরসভা।
- ১৫। সভাপতি/সম্পাদক, মটর/মেক্সী/অটোটেম্পু মালিক সমিতি, মুক্তাগাছা/ময়মনসিংহ/টাঙ্গাইল/জামালপুর।
- ১৬। সভাপতি/ সম্পাদক, মটর শ্রমিক ইউনিয়ন, মুক্তাগাছা/ময়মনসিংহ/টাঙ্গাইল/জামালপুর।
- ১৭। জনাব..... ইজারাদার....., মুক্তাগাছা পৌরসভা।
- ১৮। বিজ্ঞাপন ম্যানেজার, (১) দৈনিক, টাকা (২) দৈনিক, ময়মনসিংহ, বিজ্ঞপ্তিটি আগামী ২৯/০১/২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে ভিতরের পাতায় শর্তবলী ছাড়া একবার প্রচার করতঃ সৌজন্য কপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হইল।

প্রচার ও সংরক্ষার্থেঃ

১৯। নোটিশ বোর্ড, মুক্তাগাছা পৌরসভা।

২০। সংশ্লিষ্ট নথি।



(আতিকুল ইসলাম)

প্রশাসক

মুক্তাগাছা পৌরসভা

জেলা- ময়মনসিংহ।